



অন্তর্বর্তী চুক্তি ভাঙার জন্য যুক্তরাষ্ট্রকে দায়ী করলেন পোজেশকিয়ান



ইরানের প্রেসিডেন্ট পোজেশকিয়ান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে যুদ্ধ বন্ধে করা অন্তর্বর্তী চুক্তি ভেঙে যাওয়ার জন্য ওয়াশিংটনকে দায়ী করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পোজেশকিয়ান। একই সঙ্গে সংঘাত নতুন করে শুরু করার আশঙ্কার মধ্যে চুক্তিতে ফিরে এসে তা চূড়ান্ত করার আহ্বান জানিয়েছেন তিনি।

অন্তর্বর্তী চুক্তি ভাঙার জন্য যুক্তরাষ্ট্রকে দায়ী করলেন পোজেশকিয়ান

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে যুদ্ধ বন্ধে করা অন্তর্বর্তী চুক্তি ভেঙে যাওয়ার জন্য ওয়াশিংটনকে দায়ী করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পোজেশকিয়ান। একই সঙ্গে সংঘাত নতুন করে শুরু করার আশঙ্কার মধ্যে চুক্তিতে ফিরে এসে তা চূড়ান্ত করার আহ্বান জানিয়েছেন তিনি।

শনিবার (২৪ অক্টোবর) ইরানের প্রেস টিভিতে প্রচারিত এক ভাষণে এ কথা বলেন পোজেশকিয়ান। এদিকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন সামরিক পদক্ষেপের হুমকিকে কেন্দ্র করে অঞ্চলটিতে উত্তেজনা বেড়েছে।

ট্রাম্পের হুমকির জবাবে ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ড কর্পস (আইআরজিস) জানিয়েছে, দেশটিতে সীমিত আকারে হামলা হলেও পাল্টা জবাব হবে আরও কঠোর। ইরানের সশস্ত্র বাহিনীর প্রধান আলি আবদোল্লাহিও পারস্য উপসাগরে মার্কিন বাহিনীর প্রবেশের বিরোধিতা করেছেন।

ইরানের সরকারি মুখপাত্র ফাতেমেহ মহাজেরানি বলেছেন, তেহরান শান্তি চায়। তবে দেশের সার্বভৌমত্বের ওপর আঘাত এলে তার জবাব দেওয়া হবে।

এদিকে ইরানের বিচার বিভাগের প্রধান গোলামহোসেইন মোহসেনি এজেই ও পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাক দেশটির সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির সঙ্গে পৃথক বৈঠক করেছেন। বৈঠকে দুর্নীতি দমন, যুদ্ধের ক্ষয়ক্ষতির ক্ষতিপূরণ আদায়সহ বিভিন্ন রাজনৈতিক বিষয় নিয়ে আলোচনা হয়।